গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তারাকান্দা, ময়মনসিংহ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব নজরুল ইসলাম নয়ন, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ তারাকান্দা, ময়মনসিংহ।
সভার স্থান ঃ উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়, তারাকান্দা,ময়মনসিংহ।
তারিখ ঃ ২২/০৩/২০২২ খ্রি. সময় ঃ সকাল ১০.০০ টা

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য ।

সভাপতি সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শুরু করেন। সভার শুরুতে উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি , তারাকান্দা উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভা পরিচালনার জন্য জনাব মিজাবে রহমত, উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মনসিংহ কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত ও অভিনন্দন জানিয়ে স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভার আলোচ্যসূচী মোতাবেক সদস্য-সচিব ও উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, তারাকান্দা, ময়মনসিংহ কে বিভিন্ন বিভাগ/দপ্তর হতে প্রাপ্ত প্রকল্প প্রস্তাবনা/চাহিদাসমূহ উপস্থাপনের অনুরোধ জানান। উপজেলা প্রকৌশলী,এলজিইডি ও সদস্য সচিব,উপজেলা প্রকল্প বাছাই কমিটি,সভায় অবহিত করেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন খাতে বাস্তবায়নের জন্য চাহিদা হিসেবে উপজেলা কমিটি হতে উপ-প্রকল্প প্রস্তাবনা পাওয়া গিয়াছে। তিনি উল্লেখ করেন যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আর্থিক সহায়তায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১ অর্থবছর) সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ১০,০০০০০/- এবং অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ৫০,০০,০০০/-টাকা মোট ৬০,০০০০০/- টাকা বরাদ্দ দেওয়া হবে। উল্লেখিত বরাদ্দের মাধ্যমে নির্বাচিত প্রকল্প বাস্তবায়ন করতে হবে। সদস্য-সচিব জানান যে, সর্বমোট প্রাপ্ত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের সংখ্যা ০৮ (আট) টি। তিনি উপস্থিত সকলের অবগতির জন্য প্রাপ্ত উপ-প্রকল্প সমূহ নিম্নে উল্লেখিত তালিকা মোতাবেক সভায় উপস্থাপন করেন ঃ

| ক্র: নং | অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা বিবরণ | উপ–প্রকল্পের ধরন | বিভাগ/দপ্তর/উপজেলা কমিটি |
|---|---|---|---|
| ০১ | বাট্রা ভাট পাড়া এস.সি উচ্চ বিদ্যালয়ে গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ | গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০২ | তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ | শ্রেণী কক্ষ নির্মান | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০৩ | কামারিয়া ইউনিয়নের কাশিগঞ্জ বাজারের জলাবদ্ধতা দূর করার জন্য ১১৫মিটার আরসিসি ড্রেন নির্মাণ | বাজার উন্নয়নের জন্য আরসিসি ড্রেন নির্মান | যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা |
| ০৪ | তারাকান্দা বাজার জিসি মার্কেট এর মাংস মহলের শেড সংস্কার | বাজার উন্নয়নের জন্য শেড সংস্কার | যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা |
| ০৫ | তারাকান্দা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ডেস্কটপ কম্পিউটার সরবরাহ | শিক্ষা উপকরণ (কম্পিউটার) | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০৬ | তারাকান্দা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ | শিক্ষা উপকরণ (বেঞ্চ) | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০৭ | ধারাকন্দি উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মান | শ্রেণী কক্ষ নির্মান | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |
| ০৮ | পগোলী দাখিল মাদ্রাসায় শ্রেণীকক্ষ নির্মান | শ্রেণী কক্ষ নির্মান | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি |

উল্লেখিত প্রকল্পসমূহ হতে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) ৫ম পর্যায়ের সহযোগীতায় বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই কমিটি কর্তৃক অগ্রাধিকার ভিত্তিতে বাছাইকৃত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের সাধারণ সভায় অনুমোদনের জন্য পেশ করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর প্রাপ্ত প্রকল্পগুলোর মধ্যে উপজেলা পরিষদের সংশ্লিষ্ট কমিটির

সুপারিশ এবং স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রকল্প নির্বাচনের শর্ত বিবেচনায় নিম্নোক্ত ০৬ টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে সর্বসম্মতিক্রমে অনুমোদন গ্রহণের জন্য চূড়ান্তভাবে বাছাই করা হয়।

**বাছাইকৃত উপ-প্রকল্পসমূহের তালিকা ঃ**

অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা ঃ বরাদ্দের পরিমান ৫০,০০০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা

| ক্র: নং | অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা বিবরণ | উপ-প্রকল্পের ধরন | বিভাগ/দপ্তর/উপজেলা কমিটি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বাট্রা ভাট পাড়া এস.সি উচ্চ বিদ্যালয়ে গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ | গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | |
| ০২ | তিলাটিয়া মোহাম্মদীয়া দাখিল মাদ্রাসায় গার্লস ফ্যাসিলিটি রুম নির্মাণ | শ্রেণী কক্ষ নির্মান | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | |
| ০৩ | কামারিয়া ইউনিয়নের কাশিগঞ্জ বাজারের জলাবদ্ধতা দূর করার জন্য ১১৫মিটার আরসিসি ড্রেন নির্মাণ | বাজার উন্নয়নের জন্য আরসিসি ড্রেন নির্মান | যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা | |
| ০৪ | তারাকান্দা বাজার জিসি মার্কেট এর মাংস মহলের শেড সংস্কার | বাজার উন্নয়নের জন্য শেড সংস্কার | যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা | |
| ০৫ | তারাকান্দা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় ডেস্কটপ কম্পিউটার সরবরাহ | শিক্ষা উপকরণ (কম্পিউটার) | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | |
| ০৬ | তারাকান্দা উপজেলার বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসায় বেঞ্চ সরবরাহ | শিক্ষা উপকরণ (বেঞ্চ) | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | |
| মোট= ৫০,০০০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা | | | | |

উপজেলা পরিষদের অনুমোদনের পর প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প প্রকল্প (ইউজিডিপি) এর পরিচালক, মহোদয়ের সদয় সম্মতির জন্য প্রেরণ করা হবে মর্মে জানান। গৃহীত প্রকল্প সমূহ উপজেলা পরিষদের আগামী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22/3/22

(নজরুল ইসলাম নয়ন)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মমনসিংহ

স্মারক নং: এলজিইডি/উপ্র/তারাকান্দা/২০২২ তারিখ ঃ ২২/০৩/২০২২খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মমনসিংহ ।
২। উপজেলা নির্বাহী অফিসার, তারাকান্দা, ময়মমনসিংহ ।
৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তারাকান্দা, ময়মমনসিংহ ।
৪। অফিস কপি।

উপজেলা প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
তারাকান্দা, ময়মনসিংহ